৩৭/

৬

দৈনিক ইত্তেফাক

তারিখ ...3-1 JAN 1993 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ৪ ...

# আগামীকাল হইতে

# ব ই মে লা

*ইত্তেফাক রিপোর্ট ॥ মহান একুশ উপলক্ষে বাংলা একাডেমী আয়োজিত মাসব্যাপী বইমেলা আগামীকাল (সোমবার) শুরু হইবে। বিকাল ৪টায় মেলার উদ্বোধন করিবেন সুপ্রীম কোর্টের বিচারপতি মুহম্মদ হাবিবুর রহমান। গতকাল (শনিবার) একাডেমীর সভাকক্ষে এক সাংবাদিক সম্মেলনে মহাপরিচালক মোহাম্মদ হারুন-উর-রশিদ আনুষ্ঠানিকভাবে বইমেলার ঘোষণা দেন। একাডেমী কর্তৃপক্ষ এই প্রথম মাসব্যাপী বইমেলার আয়োজন করিয়াছে। ইতিপূর্বে ফেব্রুয়ারীর সাত তারিখ হইতে মেলা শুরু হইত। এইবার মেলাকে সুন্দর ও সার্থক করিয়া তোলার লক্ষ্যে কর্তৃপক্ষ ব্যাপক কর্মসূচী গ্রহণ করিয়াছে। একাডেমীর দীর্ঘ প্রাঙ্গণ, বাহিরে টিএসসি হইতে দোয়েল দ্বীপ চত্বর পর্যন্ত মেলার সীমানা* *(১০ম পৃঃ দ্রঃ)*

## বই মেলা

(শেষপৃঃ পর)

নির্ধারণ করা হইয়াছে। ছোট বড় মিলাইয়া এইবার মেলায় মোট ষ্টল বরাদ্দ দেওয়া হইয়াছে ৪৮০টি। একাডেমীর মূল আঙ্গিনায় ৩০১টি ষ্টলের সবগুলিই বইয়ের। অন্যান্য ষ্টল বাহিরে রাস্তার দুই পাশে বসানো হইয়াছে। বই, ক্যাসেট এবং খাবারের দোকান বসিবে এই ষ্টলগুলিতে।

২রা ফেব্রুয়ারী হইতে মেলার মূল মঞ্চে বিভিন্ন বিষয়ে আলোচনা শুরু হইবে। প্রথম সাতদিন চলিবে একাডেমীর প্রকাশিত উল্লেখযোগ্য বইয়ের উপর আলোচনা। ১০ই ফেব্রুয়ারী হইতে ভাষা; সাহিত্য, সংস্কৃতি ও গবেষণা সম্পর্কিত বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হইবে। আলোচনার মূল অনুষ্ঠান শুরু হইবে ১৫ই ফেব্রুয়ারী। ২০শে ফেব্রুয়ারী বাংলা একাডেমী সাহিত্য পুরস্কার ১৯৯২ ঘোষণা করা হইবে। ২২শে ফেব্রুয়ারী সাহিত্য পুরস্কার প্রদান অনুষ্ঠানে প্রখ্যাত সঙ্গীত শিল্পী কলিম শরাফী ও ফিরোজা বেগমকে সম্মানসূচক ফেলোশিপের সনদপত্র প্রদান করা হইবে।

সাংবাদিক সম্মেলনে বলা হয়, রেডিও বাংলাদেশ প্রতিদিন মেলার আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। এই প্রথম কর্তৃপক্ষ মেলার উপর একটি ভিডিও ফিল্ম নির্মাণ করিয়াছেন। টেলিভিশনের মাধ্যমে এবং মেলা প্রাঙ্গণে প্রজেক্টের মাধ্যমে এই ফিল্ম দেখানো হইবে। বাংলা একাডেমী মেলায় ৪ হাজার বর্গফুট জায়গা জুড়িয়া নিজস্ব ষ্টল নির্মাণ করিয়াছে। বইয়ের প্রতি পাঠকের আগ্রহ সৃষ্টির লক্ষ্যে এই ষ্টলে র‍্যাফেল কুপনের ব্যবস্থা করা হইবে। ইহাতে ২৫০ টাকা মূল্যমানের ১০০টি পুরস্কার থাকিবে। কমিশন ছাড়া ১০০ টাকা মূল্যের বই কিনিলে বিনামূল্যে এই ক্রেতাকে একটি র‍্যাফেল কুপন প্রদান করা হইবে। র‍্যাফেল ড্র অনুষ্ঠিত হইবে ২৮শে ফেব্রুয়ারী দুপুর ২টায়। মেলায় আইন-শৃংখলা ও যোগাযোগ রক্ষার লক্ষ্যে পুলিশ নিয়ন্ত্রণ কক্ষ ও ১০ সেটের একটি অভ্যন্তরীণ টেলিফোন নিয়ন্ত্রণ কক্ষ স্থাপনের সিদ্ধান্ত নেওয়া হইয়াছে। দোয়েল প্রান্ত, টি.এস.সি প্রান্ত, আণবিক শক্তি কমিশন, একাডেমী গেট, পুলিশ নিয়ন্ত্রণ কক্ষ ও মেলার তথ্য কেন্দ্রের মধ্যে টেলিফোনে সরাসরি আলাপ করা যাইবে। মেলায় একটি অস্থায়ী ডাকঘরও খোলা হইবে। ষ্ট্যাম্পসহ বিভিন্ন দ্রব্যের প্রদর্শনীর পাশাপাশি এই ষ্টলে ডাক বিভাগের নিয়মিত সেবার ব্যবস্থাও থাকিবে।

মেলার মোট বাজেট ধরা হইয়াছে ১৬ লক্ষ ২৫ হাজার টাকা। সাংবাদিক সম্মেলনে বলা হয়, প্রতিবারের মত এইবারও খাবারের দোকান বরাদ্দের ক্ষেত্রে নীতিমালা রক্ষা করা যায় নাই।